

ইন্ডাস্ট্রিয়াল



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

নিয়োগ বিজ্ঞপ্তি



স্মারক নং- ২৭.২৬.০০০০.০০৫.০৩.০০৩.২২.৩৭

তারিখঃ ০৬/০৪/২০২২খ্রিঃ

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) একটি পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে বিদ্যুৎ উৎপাদন কাজে নিয়োজিত রয়েছে। কোম্পানীর অয়মনসিংহ ৩৬০ (±১০%) মেঃওঃ ডুয়েল ফুয়েল (গ্যাস/এইচএসপিডি) কবাইড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প এবং জামালপুর জেলার মাদারগঞ্জ ১০০ মেঃওঃ সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প এর বিপরীতে, প্রকল্প মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক সর্বসাকুল্য বেতনে নিয়োগ প্রদানের নিমিত্ত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিম্নে পদের নাম, পদের সংখ্যা, প্রয়োজনীয় যোগ্যতা এবং মাসিক সর্বসাকুল্য বেতন উল্লেখ করা হলোঃ

ক্রম	পদের নাম, মাসিক সাকুল্য বেতন ও পদসংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
১।	উপ-বিভাগীয় প্রকৌশলী (মেকানিক্যাল) মাসিক সর্বসাকুল্য বেতন ৭০,০০০/- বয়সঃ ৩৫ (পঁয়ত্রিশ) বছর পদসংখ্যাঃ ০১ (ময়মনসিংহ)	বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে প্রকৌশল (মেকানিক্যাল) এ স্নাতক ডিগ্রী। সহকারী প্রকৌশলী পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে ০২ (দুই) বছর বিদ্যুৎ উৎপাদন কোম্পানীতে কাজের অভিজ্ঞতা।
২।	সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/সিভিল) মাসিক সর্বসাকুল্য বেতন ৫২,০০০/- বয়সঃ ৩০ (ত্রিশ) বছর পদসংখ্যাঃ ০৪ ময়মনসিংহ-০৩ (ইলেকট্রিক্যাল-০১, মেকানিক্যাল-০১, সিভিল-০১) মাদারগঞ্জ -০১ (সিভিল)	বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে প্রকৌশল (ইলেকট্রিক্যাল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/মেকানিক্যাল/ সিভিল) এ স্নাতক ডিগ্রী।
৩।	সহকারী ব্যবস্থাপক (হিসাব/অর্থ) মাসিক সর্বসাকুল্য বেতন ৫২,০০০/- বয়সঃ ৩০ (ত্রিশ) বছর পদসংখ্যাঃ ০২ (ময়মনসিংহ-০১, মাদারগঞ্জ-০১)	বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এম.কম/এমবিএ (ফিন্যান্স/একাউন্টিং) এ স্নাতকোত্তর ডিগ্রী।
৪।	উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/সিভিল) মাসিক সর্বসাকুল্য বেতন ৪০,০০০/- বয়সঃ ৩০ (ত্রিশ) বছর পদসংখ্যাঃ ০৪ ময়মনসিংহ-০৩ (ইলেকট্রিক্যাল-০১, মেকানিক্যাল-০১, সিভিল-০১) মাদারগঞ্জ -০১ (সিভিল)	বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/মেকানিক্যাল/ সিভিল)।

শর্তাবলী :

- প্রার্থীকে <http://rplproject.teletalk.com.bd> ওয়েবসাইট এ প্রবেশ পূর্বক Online Application Form পূরণ করার মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পদ্ধতি উক্ত ওয়েবসাইট হতে বিস্তারিতভাবে জানা যাবে।
- অনলাইন এ আবেদন পূরণের তারিখ ও সময়ঃ ০৭/০৪/২০২২খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা এবং আবেদন করার শেষ তারিখ ও সময়ঃ ২৭/০৪/২০২২খ্রিঃ, বিকাল ৫:০০ ঘটিকা। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন করা পূরণ করা যাবে না।
- ক্রমিক নং ২ হতে ৪ এ উল্লিখিত পদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর (২৭/০৪/২০২২খ্রিঃ পর্যন্ত) এবং প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে বয়সসীমা ৩২ বছর (২৭/০৪/২০২২খ্রিঃ পর্যন্ত)।
- নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থী/প্রার্থীদেরকে প্রাথমিকভাবে ০১ (এক) বছরের জন্য নিয়োগ প্রদান করা হবে, তবে কর্মসম্পাদনের মান, দক্ষতা ও কাজের প্রয়োজনীয়তা বিবেচনায় নিয়োগের মেয়াদ প্রকল্প মেয়াদকালীন (৩৬ মাস) পর্যন্ত বর্ধিত করা যেতে পারে। উল্লেখ্য, কোম্পানীর নিয়মিত নিয়োগের সাথে অত্র নিয়োগের কোন প্রকার সম্পর্ক থাকবে না।
- শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোন পর্যায়েই তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না। প্রোজি পদ্ধতিতে পরীক্ষার উত্তীর্ণ সকল পদসমূহের ক্ষেত্রে জিপিএ/সিজিপিএ ৫.০ ফেলে ন্যূনতম ৩.০ অথবা ৪.০ ফেলে ন্যূনতম ২.৫ থাকতে হবে।
- প্রার্থীকে যোগাযোগের ক্ষেত্রে বাংলা ও ইংরেজী ভাষায় দক্ষ, কম্পিউটার ব্যবহারে পারদর্শী এবং নেতৃত্ব দানের ক্ষমতা থাকতে হবে।
- প্রতিটি পদের বিপরীতে আবেদনের জন্য আবেদন ফি-বাবদ ১০০০/- (এক হাজার) টাকা টেলিটকের প্রি-পেইড নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে <http://rplproject.teletalk.com.bd> এর নির্দেশনা মোতাবেক পরিশোধ করতে হবে।
- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি পরে মৌখিক (সাক্ষাৎকার) পরীক্ষার সময় জমা প্রদান করতে হবে।
- প্রার্থী কর্তৃক প্রদত্ত তার শিক্ষাগত যোগ্যতা, পঠিত বিষয়, জনা তারিখ, বয়স ও অন্যান্য তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসম্মতিপূর্ণ প্রমাণিত হলে, নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে তাঁর প্রার্থিতা বাতিল করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ ফেরদৌস রহমান

নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক
জামালপুর জেলার মাদারগঞ্জ ১০০ মেঃওঃ
সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প
ফোনঃ ০২-৪৮৯৫৭৯৫২, ০২-৪৮৯৬৪০৪৮ (বর্ধিত-১৩৬)

রেজাউল কবীর

তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক
ময়মনসিংহ ৩৬০ (±১০%) মেঃওঃ ডুয়েল ফুয়েল
(গ্যাস/এইচএসপিডি) কবাইড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প
ফোনঃ ০২-৪৮৯৫৭৯৫২, ০২-৪৮৯৬৪০৪৮ (বর্ধিত-১৫০)